(একই তারিখ, বিজ্ঞপ্তি ও স্মারকের স্থলাভিষিক্ত)

৪.(ঘ) এ আংশিক সংশোধন

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

## ২০১৮ সালের জেএসসি পরীক্ষা সংক্রান্ত

## বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নম্বর- রাশিবো/জেএসসি/পনি-৬০

তারিখ : ২৪ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ / ০৮ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী-এর আওতাধীন মঞ্জুরীপ্রাপ্ত সকল প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে ২০১৮ সালে অনুষ্ঠেয় জেএসসি পরীক্ষার online এ ফরম পূরণ, ফি-এর হার ও বোর্ডে জমা দেয়ার নিয়মাবলীসহ তারিখ নিম্নরূপভাবে নির্ধারণ করা হ'ল :

১. online এ শিক্ষার্থীদের সম্ভাব্য তালিকা (probable list) প্রদর্শন : শিক্ষার্থীদের তথ্য সম্বলিত তালিকা রাজশাহী শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে (www.rajshahieducationboard.gov.bd) ২৯/০৭/২০১৮ তারিখ থেকে পাওয়া যাবে। ঐদিন থেকে ওয়েব সাইট হতে স্ব-স্ব প্রতিষ্ঠানের শিক্ষার্থীর তালিকা Print (Download) **ও online এ এখন থেকে কাজ করতে পারবেন।** পরীক্ষার্থীদের পরীক্ষার প্রয়োজনীয় ফি বাবদ মোট অর্থ সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে রাজশাহী শিক্ষা বোর্ডের সচিবের অনুকূলে ক্রয়কৃত সোনালী সেবার রশিদ শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। উক্ত মূল রশিদ হিসাব আয় শাখায় জমা দেয়ার পর পরীক্ষার্থীদের স্বাক্ষরযুক্ত ০১ সেট প্রিন্টকপি ও রশিদ-এর ফটোকপি জেএসসি পরীক্ষা শাখায় জমা দিতে হবে এবং ০১ সেট অফিসে সংরক্ষণ করতে হবে।

২. ২০১৮ সালের জেএসসি পরীক্ষার ফরম পূরণের জন্য প্রতিষ্ঠানসমূহকে password দেয়া হবে না। নিবন্ধনের সময় সরবরাহকৃত password-ই ফরম পূরণের password হিসেবে গণ্য হবে।

৩. সোনালী সেবার রশিদ ও পরীক্ষার্থীর স্বাক্ষর সম্বলিত প্রিন্ট আউট কপিসহ কাগজপত্র বোর্ডে জমা দানের বিবরণ।

৪. স্বাক্ষরযুক্ত প্রিন্ট কপিসহ সোনালী সেবার রশিদ বোর্ডে জমা দেবার তারিখ :

<table>
<tr><th>ক্র: নং</th><th colspan="2">কাজের বিবরণ</th><th>তারিখ</th></tr>
<tr><td>(ক)</td><td colspan="2">জিপি এ উন্নয়ন এবং ১ থেকে ৩ বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থী (যার ক্ষেত্রে যতটি বিষয় প্রযোজ্য) হিসাবে অংশগ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীদের নিজ প্রতিষ্ঠান প্রধানের বরাবরে সাদা কাগজে আবেদনের শেষ তারিখ<br>দ্রষ্টব্য : যে সব পরীক্ষার্থী ২০১৭ সালের জেএসসি পরীক্ষায় জিপিএ ৫.০০ (পাঁচ) এর কম পেয়েছে এবং ঐ সালের রেজিস্ট্রেশনধারী তারা জি.পি.এ উন্নয়নের জন্য শুধুমাত্র ২০১৮ সালের পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পাবে। তবে এ ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে পুরাতন সিলেবাসে সব বিষয়ে পরীক্ষা দিতে হবে।</td><td>১৬/০৭/২০১৮<br>সোমবার</td></tr>
<tr><td>(খ)</td><td colspan="2">২০১৬ সালের রেজিস্ট্রেশনধারী যে সব পরীক্ষার্থী ৪র্থ বিষয় বাদে ২০১৭ সালে শুধুমাত্র এক বিষয়ে অকৃতকার্য হয়েছে এবং রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ তারা ৫০.০০ (পঞ্চাশ) টাকা কেবলমাত্র ১ (এক) বছরের জন্য রেজিস্ট্রেশন নবায়ন পূর্বক ২০১৮ সালের জেএসসি পরীক্ষায় অকৃতকার্য বিষয়ে অংশগ্রহণের সুযোগ পাবে। নিবন্ধন নবায়ন সংক্রান্ত সোনালী সেবার রশিদ জমাদানের শেষ তারিখ :</td><td>১৬/০৭/২০১৮<br>সোমবার</td></tr>
<tr><td>(গ)</td><td colspan="2">বিলম্ব ফি ছাড়া সোনালী সেবার টাকা জমাদানের শেষ তারিখ</td><td>০৬/০৮/২০১৮<br>বুধবার</td></tr>
<tr><td>(ঘ)</td><td colspan="2">পরীক্ষার্থী প্রতি ২৫.০০ (পঁচিশ) টাকা হারে বিলম্ব ফিসহ সোনালী সেবায় টাকা জমাদানের শেষ তারিখ</td><td>১২/০৮/২০১৮<br>রবিবার</td></tr>
<tr><td>(ঙ)</td><td>জেলার নাম</td><td>ওয়েব সাইটে online এ শিক্ষার্থীদের ফরম পূরণ এবং Send করার শেষ তারিখ (সংশ্লিষ্ট জেলার কাজ নির্ধারিত তারিখের মধ্যে online এ শেষ করতে হবে)।</td><td>বিলম্ব ফি ছাড়া এবং বিলম্ব ফিসহ সোনালী সেবার রশিদ ও স্বাক্ষরযুক্ত চূড়ান্ত প্রিন্ট আউট কপি এবং অন্যান্য কাগজপত্র বোর্ডে জমা দেয়ার তারিখ</td></tr>
<tr><td>(১)</td><td>জয়পুরহাট ও নাটোর জেলা</td><td>০১/০৮/২০১৮</td><td>২৭/০৮/২০১৮</td></tr>
<tr><td>(২)</td><td>নওগাঁ ও সিরাজগঞ্জ জেলা</td><td>০২/০৮/২০১৮</td><td>২৮/০৮/২০১৮</td></tr>
<tr><td>(৩)</td><td>বগুড়া ও চাঁপাই নবাবগঞ্জ জেলা</td><td>০২/০৮/২০১৮</td><td>২৯/০৮/২০১৮</td></tr>
<tr><td>(৪)</td><td>রাজশাহী ও পাবনা জেলা</td><td>০৫/০৮/২০১৮</td><td>৩০/০৮/২০১৮</td></tr>
</table>

**বি:দ্র:** নির্ধারিত তারিখের মধ্যে ফিসহ কাগজপত্র জমা দিতে ব্যর্থ হলে (১২/০৮/২০১৮ তারিখের মধ্যে সোনালী সেবায় টাকা জমা দেয়া থাকলে) প্রতিদিন বিলম্বের জন্য প্রতিষ্ঠান প্রতি ১০০.০০ (একশত) টাকা হারে জরিমানা দিতে হবে। সর্বোচ্চ ০৩/০৯/২০১৮ (ছুটির দিন বাদে) তারিখ পর্যন্ত জরিমানাসহ কাগজপত্র জমা দেয়া যাবে কিন্তু এরপর কোনক্রমেই গ্রহণ করা হবে না ;

## ৫. পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা

### (ক) নিয়মিত পরীক্ষার্থী

কেবলমাত্র ২০১৮ সালের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থীরা নিয়মিত পরীক্ষার্থী হিসেবে জেএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে;

### (খ) অনিয়মিত পরীক্ষার্থী

২০১৭ সালে রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থী যারা জেএসসি পরীক্ষায় অকৃতকার্য/আংশিক বিষয়ে অকৃতকার্য (১ থেকে ৩ বিষয়) হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা ২০১৮ সালের জেএসসি পরীক্ষায় নিজ প্রতিষ্ঠানের মাধ্যমে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সকল বিষয়/আংশিক বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে ;

## ৬. জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী

২০১৭ সালের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থী জেএসসি পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু জিপিএ ৫.০০ (পাঁচ) এর কম প্রাপ্ত তারা জিপিএ উন্নয়নের জন্য ২০১৮ সালে জিপিএ উন্নয়ন পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। তবে এক্ষেত্রে তাদের সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। পরীক্ষার্থীরা নিজ প্রতিষ্ঠানের মাধ্যমে তালিকাভুক্ত হয়ে ফিসহ নির্দিষ্ট সময়ের মধ্যে আবেদন করতে হবে। তারা পূর্বের পাঠ্যসুচি অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে এবং তাদেরকে পূর্বের রেজিস্ট্রেশন নম্বর ব্যবহার করতে হবে। ২০১৭ সালের জেএসসি পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি, একাডেমিক ট্রান্সক্রিপ্টের সত্যায়িত ফটোকপি ও জিপিএ উন্নয়ন ফরমসহ ০২ (দুই) সেট দাখিল করতে হবে। জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীদের বোর্ডের কোথাও মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও প্রবেশপত্র জমা দিতে হবে না ;

## ৭. পরীক্ষার মাধ্যম

বাংলা/ইংরেজি ভার্সন পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে। কোন শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজি ভার্সনে পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী থাকলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে বিষয় কোড ও ছাত্র সংখ্যা উল্লেখপূর্বক এক কপি তালিকা পরীক্ষা নিয়ন্ত্রকের গোপনীয় শাখায় হাতে হাতে ২৫/০৭/২০১৮ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তার শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ইংরেজি ভার্সনে পরীক্ষা গ্রহণ সম্ভব হবে না। এতে শিক্ষার্থীদের কোন অসুবিধা হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই এককভাবে দায়ী থাকবেন।

## ৮. পাঠ্যসূচি

(ক) এনসিটিবি থেকে গেজেটে প্রকাশিত ২০১৮ সালের অনুমোদিত বইসমুহ ৮ম শ্রেণির পাঠ্যবই হিসেবে বিবেচিত হবে।

(খ) ২০১৬ ও ২০১৭ সালের রেজিস্ট্রেশনধারী অনিয়মিত পরীক্ষার্থীদের সকল বিষয়ের পরীক্ষা ২০১৬ ও ২০১৭ সালের পাঠ্যপুস্তক অনুযায়ী প্রণীত প্রশ্নে অনুষ্ঠিত হবে।

## ৯. প্রতিষ্ঠান পরিবর্তন

কোনক্রমেই এক প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশনধারী শিক্ষার্থী অন্য প্রতিষ্ঠানের মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে পিতা/মাতার বদলী জনিত কারণে নিয়মিত শিক্ষার্থী নিয়মানুযায়ী বৈধ ছাড়পত্রের মাধ্যমে প্রতিষ্ঠান পরিবর্তন করে থাকলে প্রতিষ্ঠান পরিবর্তনের প্রামাণ্য কাগজপত্র {যথা : বৈধ বদলীর তথ্য ফরম, ছাড়পত্রের সত্যায়িত ফটোকপি, প্রতিষ্ঠান টি.সি'র ফটোকপি ও এ বোর্ডের নিবন্ধন কার্ডের সত্যায়িত ফটোকপিসহ ০২ (দুই) সেট} অবশ্যই আলাদাভাবে জে.এস.সি পরীক্ষা শাখায় জমা দিতে হবে। ডিটেন্ড ও অকৃতকার্য পরীক্ষার্থী কোনক্রমেই ছাড়পত্রের মাধ্যমে প্রতিষ্ঠান পরিবর্তন করতে পারবে না ;

## ১০. স্ক্রাইব (শ্রুতিলেখক) নিয়োগ

বোর্ডের অনুমতিক্রমে কোন অন্ধ প্রতিবন্ধী, সেরিব্রাল পালসিজনিত প্রতিবন্ধী এবং যাদের হাত নেই এমন প্রতিবন্ধী পরীক্ষার্থী স্ক্রাইব (শ্রুতিলেখক) পার্শ্ববর্তী স্বীকৃতিপ্রাপ্ত প্রতিষ্ঠানের ২০১৮ সালের ৭ম শ্রেণীর শিক্ষার্থীদের মধ্য থেকে নির্বাচন করতে হবে। নির্বাচিত শিক্ষার্থীর স্ক্রাইব (শ্রুতিলেখক) পূর্ণ বিবরণ ও অভিভাবকের সম্মতিসহ ৪ (চার) কপি সত্যায়িত ফটোসহ দরখাস্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে পরীক্ষা নিয়ন্ত্রকের অনুমতির জন্য বোর্ডে পৌঁছাতে হবে। অন্ধ প্রতিবন্ধী, সেরিব্রাল পালসিজনিত প্রতিবন্ধী এবং যাদের হাত নেই এমন প্রতিবন্ধী পরীক্ষার্থীর ক্ষেত্রে সিভিল সার্জন, সমাজ সেবা অধিদপ্তর-এর সার্টিফিকেট দিতে হবে এবং এ ধরনের পরীক্ষার্থীদের জন্য প্রয়োজনে পরীক্ষার নির্ধারিত সময়ের পরে অতিরিক্ত ৩০ (ত্রিশ) মিনিট সময় বৃদ্ধি করা যাবে ;

## ১১. পরীক্ষার ফরম পূরণের নিয়ম

ওয়েব সাইটের সরবরাহকৃত হিসাব বিবরণী ছক ০৩ (তিন) কপি পূরণ করতে হবে এবং online এ ফরম পুরণের প্রয়োজনীয় কাজ করার পর শিক্ষার্থীর চূড়ান্ত প্রিন্ট আউট কপিতে স্বাক্ষরযুক্ত ১(এক) কপি ও হিসাব বিবরণী ১(এক) কপি, জেএসসি পরীক্ষা শাখায় জমা দিতে হবে। মন্তব্য কলামে অনিয়মিত, বহিষ্কার, ডিটেন্ড, নবায়ন ও বদলী ইত্যাদি লাল কালিতে লিখতে হবে এবং প্রিন্ট আউট কপিতে প্রতিষ্ঠান প্রধানের টেলিফোন ও মোবাইল নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে।

## ১২. পরীক্ষার ফরম ও ফি জমাদান পদ্ধতি

(ক) পরীক্ষার ফি শিক্ষা বোর্ডের সচিবের বরাবরে সোনালী ব্যাংক, গ্রেটার রোড শাখা, রাজশাহীর অনুকূলে সোনালী সেবার মাধ্যমে প্রদান করতে হবে। কোনক্রমেই ডি.ডি/পে-অর্ডার গ্রহণযোগ্য নয়।

(খ) পরীক্ষার ফরম ও ফি জমা দেবার নির্ধারিত তারিখে জেএসসি পরীক্ষা শাখার কপির সাথে সোনালী সেবার রশিদের ফটোকপি, পরীক্ষার ফিসের হিসাব বিবরণী সবগুলো একসাথে গেঁথে দিতে হবে। হিসাব শাখার কপির সাথে সোনালী সেবার মূল রশিদ, পরীক্ষা ফি এর হিসাব বিবরণী, পেমেন্ট স্টেটমেন্ট, পেমেন্ট ভেরিফিকেশন, অকৃতকার্য পরীক্ষার্থীদের মূল প্রবেশপত্র ও প্রিন্টকপি একসাথে গেঁথে অফিস চলাকালীন সময়ে জমা দিতে হবে। সোনালী সেবায় জমা দেবার মূল রশিদ (জমাকারীর কপি) অফিস কপি হিসেবে সংরক্ষণ করবে। টাকা-পয়সার হিসাবে কোনরকম ভুল-ভ্রান্তি/গরমিল পরিলক্ষিত হলে সেজন্য প্রতিষ্ঠান প্রধান এককভাবে দায়ী থাকবেন। জিপিএ উন্নয়ন বাদে অনিয়মিত পরীক্ষার্থীদের পূর্বের মূল প্রবেশপত্র পূরণকৃত প্রিন্টকপির সাথে অবশ্যই শক্তভাবে গেঁথে দিতে হবে।

## ১৩. পরীক্ষার ফি

| | |
|---|---|
| প্রতি পরীক্ষার্থী (জিপিএ উন্নয়নসহ) | ১০০.০০ (একশত) টাকা |

## ১৪. অন্যান্য ফি এর হার

| | |
|---|---|
| বিলম্ব ফি প্রতি পরীক্ষার্থী (যার জন্য প্রযোজ্য) | ২৫.০০ (পঁচিশ) টাকা |

## ১৫. কেন্দ্র ফি (সংশ্লিষ্ট কেন্দ্রের কেন্দ্র সচিবকে দিতে হবে)

| | |
|---|---|
| জন প্রতি | ১৫০.০০ (একশত পঞ্চাশ) টাকা |

## বিশেষ দ্রষ্টব্য

কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ দ্বারা সংশ্লিষ্ট কেন্দ্র/প্রতিষ্ঠান কর্তৃপক্ষ পরীক্ষা পরিচালনার ব্যয় নির্বাহ করবে। এছাড়া ঢাকাস্থ বি.জি. প্রেস হতে প্রশ্নপত্র আনয়ন, বোর্ড অফিস হতে সাদা উত্তরপত্রসহ যাবতীয় আনুসঙ্গিক উপকরণাদি সংগ্রহ, পরীক্ষা চলাকালীন সময়ে ৩(তিন) কিস্তিতে "বোর্ড"- এ ব্যবহৃত উত্তরপত্র হাতে হাতে পৌঁছানোসহ অব্যবহৃত উপকরণাদি ফেরৎ দেয়ার প্রয়োজনীয় খরচ কেন্দ্র ফি হতে বহন করতে হবে ;

## ১৬. বহিস্কৃত পরীক্ষার্থীদের জ্ঞাতব্য বিষয়

২০১৭ সালের বহিস্কৃত শিক্ষার্থীরা অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে নিজ প্রতিষ্ঠানের মাধ্যমে ২০১৮ সালের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে ;

## ১৭. রেজিস্ট্রেশন নবায়ন পদ্ধতি

২০১৬ সালের রেজিস্ট্রেশনধারী যে সব পরীক্ষার্থী ৪র্থ বিষয় বাদে শুধুমাত্র ২০১৭ সালে এক বিষয়ে অকৃতকার্য হয়েছে এবং রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ তারা ৫০.০০ (পঞ্চাশ) টাকা জমাপূর্বক কেবলমাত্র ১ (এক) বছরের জন্য রেজিস্ট্রেশন নবায়ন করে ২০১৮ সালের জেএসসি পরীক্ষায় অকৃতকার্য বিষয়ে অংশগ্রহণের সুযোগ পাবে। নিবন্ধন সংক্রান্ত সোনালী সেবায় জমাদানের শেষ তারিখ ০৬/০৮/২০১৮। উক্ত তারিখের পর কোন অবস্থাতেই মেয়াদ উত্তীর্ণ রেজিস্ট্রেশন নবায়ন করা হবে না। মেয়াদ উত্তীর্ণ রেজিস্ট্রেশন কার্ড নবায়নের জন্য আবেদনপত্র দু'প্রস্থ করতে হবে। এক প্রস্থের সাথে সোনালী সেবার মূল রশিদ সংযুক্ত করতে হবে। অন্য প্রস্থের সাথে সোনালী সেবার রশিদের ফটোকপি, মূল রেজিস্ট্রেশন কার্ড, রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি, প্রবেশপত্রের ফটোকপি ও টেবুলেশন শীটের সত্যায়িত ফটোকপি একত্রে সংযুক্ত করে জেএসসি পরীক্ষা শাখায় জমা দিয়ে নির্ধারিত তারিখের মধ্যে রেজিস্ট্রেশন কার্ড নবায়ন করতে হবে।

## ১৮. পরীক্ষায় অংশগ্রহণ সম্পর্কিত জ্ঞাতব্য বিষয়

(ক) ২০১৭ সালের রেজিস্ট্রেশনধারী এবং ঐ সালের জেএসসি পরীক্ষায় ১ থেকে ৩ বিষয়ে অকৃতকার্য হয়েছে তারা ২০১৮ সালের জেএসসি পরীক্ষায় উক্ত ১ থেকে ৩ বিষয়ে অথবা সব বিষয়ে অংশগ্রহণ করতে পারবে ;

(খ) রেজিস্ট্রেশন কার্ডে বর্ণিত বিষয় ছাড়া অন্য বিষয়ে ফরম পূরণ করা যাবে না। প্রবেশপত্রে বিষয়, শিক্ষার্থীর নাম, মাতা/পিতার নাম ভুল হলে নির্দিষ্ট সময় সীমার মধ্যে সংশোধন করতে হবে। এর ব্যতিক্রম হলে পরীক্ষা চলাকালীন সময় পর্যন্ত শিক্ষার্থী প্রতি ৫০০.০০ (পাঁচশত) টাকা ফি প্রদান পূর্বক প্রবেশপত্র সংশোধন করা যাবে। এরপর এ সংক্রান্ত কোন বিষয় বিবেচনা করা হবে না ;

## ১৯. বিশেষ নির্দেশনা

(ক) উল্লিখিত সময়সূচি অনুযায়ী সব শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল। একই সঙ্গে পরীক্ষার্থী, শিক্ষক, অভিভাবক ও কেন্দ্র সচিবগণকে জানানো যাচ্ছে যে, পূর্বের ন্যায় ২০১৮ সালের জেএসসি পরীক্ষায় কোন পরীক্ষার্থীর পরীক্ষা নিজ প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে না। এক প্রতিষ্ঠান থেকে অন্য প্রতিষ্ঠানে পরীক্ষার্থী স্থানান্তরের মাধ্যমে পরীক্ষা গ্রহণ করা হবে। প্রশ্নপত্রে গতানুগতিক ধারার পরিবর্তন আনা হবে। কোন টেক্সট বই, নোট বই, গাইড বই, সাজেশন বই ইত্যাদি থেকে হুবহু প্রশ্ন উদ্ধৃত করা হবে না। গণিতের প্রশ্নের সংখ্যায় বা অন্য বিষয়ের প্রশ্নে ব্যবহৃত সংখ্যা টেক্সট বই, নোট বই, গাইড বই, সাজেশন বই ইত্যাদি থেকে হুবহু উদ্ধৃত করা হবে না। শিক্ষার্থীর মেধা ও পঠিত বিষয়সমূহের আলোকে অর্জিত জ্ঞান যাচাইয়ের লক্ষ্যে প্রশ্নের ধরণ, ভাষা ও গাণিতিক সংখ্যার গুণগত পরিবর্তন আনা হবে। পরিবর্তিত প্রেক্ষাপটে ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত সকল শ্রেণিতে সমগ্র পাঠ্যসূচির উপর পাঠদান ও অভ্যন্তরীণ পরীক্ষায় বিশ্লেষণধর্মী প্রশ্নপত্র প্রণয়নে যত্নবান হওয়ার লক্ষ্যে এবং ফলাফল প্রকাশে গ্রেডিং পদ্ধতি অবলম্বনের জন্য প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষকমন্ডলীকে অনুরোধ করা হ'ল।

(খ) কৃষি শিক্ষা, গার্হস্থ্য বিজ্ঞান, আরবি, সংস্কৃত, পালি, শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য, কর্ম ও জীবনমুখী শিক্ষা এবং চারু ও কারুকলা বিষয়সমূহ এনসিটিবি-এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। পরীক্ষার্থী রোল নম্বর পাওয়ার পর সংশ্লিষ্ট কেন্দ্র পরীক্ষা চলাকালীন রাজশাহী শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে অনলাইনের মাধ্যমে ধারাবাহিক মূল্যায়নের প্রাপ্ত নম্বর এন্ট্রি করে প্রেরণ করবে।

(গ) প্রতিষ্ঠানসমূহ ফরম-এ, ফরম-বি, ফরম-সি, ফরম-ডি, ফরম-ই রাজশাহী শিক্ষা বোর্ডের ওয়েবসাইট www.rajshahieducationboard.gov.bd থেকে ডাউনলোড করতঃ যথাযথভাবে পূরণ করে কেন্দ্র সচিবের নিকট জমা দিবেন। পরীক্ষার্থীদের রোল নম্বর পাওয়ার পর সংশ্লিষ্ট কেন্দ্র পরীক্ষা চলাকালীন বোর্ডের ওয়েবসাইটে Online এর মাধ্যমে ধারাবাহিক মূল্যায়নের প্রাপ্ত নম্বর এন্ট্রি করে প্রেরণ করবে এবং হার্ড কপি বোর্ডের স্ক্রিপ্ট শাখায় এবং ও উপস্থিতিপত্র জেএসসি পরীক্ষা শাখায় জমা দিতে হবে।

(ঘ) রোল নম্বর অনুযায়ী ফরম সিরিয়াল করে জমা দিতে হবে।

(ঙ) প্রতিবন্ধী পরীক্ষার্থীদের উত্তরপত্র পৃথকভাবে সীলগালাকৃত অবস্থায় রাজশাহী শিক্ষা বোর্ডের স্ক্রিপ্ট শাখায় জমা প্রদান করতে হবে।

০৮/৭/১৮
**প্রফেসর ড. মো. আনারুল হক প্রাং**
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর- রাশিবো/জেএসসি/পনি-**৪৩৭(৪৫০০)** তারিখ : ০৮ জুলাই ২০১৮

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ;
২. মহাপরিচালক, মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা - ১০০০ ;
৩. কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী ;
৪. ডিআইজি অব পুলিশ, রাজশাহী বিভাগ ;
৫. পুলিশ কমিশনার, আর.এম.পি, রাজশাহী ;
৬. জেলা প্রশাসক, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলা ;
৭. আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাজশাহী অঞ্চল, রাজশাহী ;
৮. পুলিশ সুপার, রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলা ;
৯. রাজশাহী শিক্ষা বোর্ডের সকল কর্মকর্তা ;
১০. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/যশোর/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর/বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড ;
১১. উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), রাজশাহী শিক্ষা বোর্ড ;
১২. সিনিয়র সিস্টেম এনালিস্ট (চলতি দায়িত্ব), প্রশাসনিক ভবন, ৫ম তলা, রাজশাহী শিক্ষা বোর্ড ;
১৩. রাজশাহী/চাঁপাই নবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলার আওতাধীন সকল উপজেলা নির্বাহী অফিসার ;
১৪. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী ;
১৫. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, গ্রেটার শাখা, রাজশাহী ;
১৬. ব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক, লক্ষীপুর শাখা, রাজশাহী ;
১৭. রাজশাহী/চাঁপাই নবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলার আওতাধীন সকল জেলা শিক্ষা অফিসার ;
১৮. রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাধীন মঞ্জুরীপ্রাপ্ত সকল বিদ্যালয়ের প্রধান শিক্ষক/অধ্যক্ষ ;
১৯. রাজশাহী/চাঁপাই নবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট জেলার আওতাধীন সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ;
২০. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, রাজশাহী শিক্ষা বোর্ড ;
২১. ভারপ্রাপ্ত কর্মকর্তা, চিঠিপত্র গ্রহণ শাখা, রাজশাহী শিক্ষা বোর্ড ও
২২. গার্ড ফাইল।

৮/৭/১৮
**মোছা. সেলিনা পারভীন**
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (জেএসসি)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী
টেলিফোন ০৭২১-৭৭৫১১৯
মোবাইল ০১৭১৮-৪৪২৬৪৬

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www. rajshahieduca:ionboard.gov.bd

## ২০১৮ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার হিসাব বিবরণী ছক

প্রতিষ্ঠানের নাম : ..................................................................................ডাকঘর : ................................উপজেলা/থানা : ..................................জেলা : .......................................

প্রতিষ্ঠানের EIIN নম্বর : ...................................................................কেন্দ্রের কোড নম্বর : ............................................................জেলা কোড নম্বর : ..............................................

| শ্রেণি | | পরীক্ষার্থীর সংখ্যা | বিষয়ভিত্তিক পরীক্ষার্থীর সংখ্যা | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বাংলা ১০১ | | ইংরেজি ১০৭ | | গণিত ১০৯ | ইনৈশি ১১১ | হিনৈশি ১১২ | বৌনৈশি ১১৩ | খ্রিনৈশি ১১৪ | বাংলাদেশ ও বিশ্ব পরিচয় ১৫০ | বিজ্ঞান ১২৭ | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ১৫৪ | কৃষিশিক্ষা ১৩৪ | আরবি/সংস্কৃত/পালি ১২১/১২৩/১২৪ | গার্হস্থ্য বিজ্ঞান ১৫১ |
| ৮ম শ্রেণি | নিয়মিত | | | | | | | | | | | | | | অনিয়মিত পরীক্ষার্থীর ক্ষেত্রে প্রযোজ্য | | |
| | অনিয়মিত (সকল বিষয়) | | | | | | | | | | | | | | | | |
| | ১ বিষয় | | | | | | | | | | | | | | | | |
| | ২ বিষয় | | | | | | | | | | | | | | | | |
| | ৩ বিষয় | | | | | | | | | | | | | | | | |
| | রেজিঃ নবায়ন | | | | | | | | | | | | | | | | |
| | জি.পি.এ. উন্নয়ন | | | | | | | | | | | | | | | | |
| | সর্বমোট | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | |

### ছক "ক"

| শ্রেণি | নিয়মিত | অনিয়মিত (সকল বিষয়) | অনিয়মিত ১ হতে ৩ বিষয়ে পরীক্ষার্থী | | | রেজিঃ নবায়ন | জি.পি.এ উন্নয়ন | মোট | ছাত্র | ছাত্রী | মোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ১ | ২ | ৩ | | | | | | | |
| ৮ম শ্রেণি | | | | | | | | | | | | |
| সর্বমোট | | | | | | | | | | | | |

বিঃদ্রঃ (ক) ২০১৮ সালে অনুষ্ঠেয় জুনিয়র স্কুল সার্টিফিকেট পরীক্ষার বিষয়ওয়ারী পরীক্ষার্থীর সংখ্যা উল্লেখ পূর্বক ৩ কপি পূরণ করতে হবে।

(খ) হিসাব বিবরণী ছক জেএসসি পরীক্ষা শাখায় ১ কপি, হিসাব শাখায় ১ কপি জমা দিতে হবে এবং ১ কপি নিজ প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

সীলসহ প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর

তারিখ : ............................

## ছক "খ"

বি:দ্র: পরীক্ষার ফি-এর সোনালী সেবার রশিদের মাধ্যমে সোনালী ব্যাংকে জমা দিতে হবে। হিসাব নম্বর : ................................ তারিখ : ...............................

| পরীক্ষার্থীর বিবরণ | পরীক্ষার্থীর সংখ্যা | | | পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী ) জিপিএ উন্নয়নসহ ১০০/-(একশত) টাকা | বিলম্ব ফি প্রতি পরীক্ষার্থী ২৫/-(পঁচিশ) টাকা | মোট টাকার পরিমান | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | ছাত্র | ছাত্রী | মোট | | | | |
| নিয়মিত | | | | | | | |
| অনিয়মিত (সকল বিষয়) | | | | | | | |
| অনিয়মিত ১ বিষয় | | | | | | | |
| অনিয়মিত ২ বিষয় | | | | | | | |
| অনিয়মিত ৩ বিষয় | | | | | | | |
| রেজি: নবায়ন | | | | | | | |
| জিপিএ উন্নয়ন | | | | | | | |
| **সর্বমোট =** | | | | | | | |

পরীক্ষার ফি : ..............................................................

বিলম্ব ফি : ..............................................................

অন্যান্য : ..............................................................

মোট : ..............................................................

(ক) ডিটেন্ড ও রিটেন্ড ১ হতে ৩ বিষয়ের পরীক্ষার্থীর মূল প্রবেশ পত্রের সংখ্যা ......................................... খানা

(খ) ব্যাংকের নাম ও শাখা : ..................................................................................................
সোনালী সেবার নম্বর :.............................................তারিখ : ........................ টাকা : ................

বি:দ্র: (ক) সোনালী সেবার রশিদসহ পূরণকৃত হিসাব বিবরণী ছকের হার্ড কপির সাথে সংযুক্ত করতে হবে, অন্যথায় পরীক্ষার ফরম পূরণের হার্ড কপি গ্রহণ করা হবে না।

(খ) পূরণকৃত হিসাব বিবরণী ছক ৩(তিন) কপি সংযুক্ত করতে হবে। কম্পিউটারের মাধ্যমে পরীক্ষার্থীর সংখ্যা নিরূপন করা হবে বিধায়, দাখিলকৃত ফি কম-বেশী হলে প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

(গ) পরীক্ষা সংক্রান্ত ফি কোন অবস্থাতেই সমন্বয় করা হবে না।

(ঘ) প্রদত্ত তথ্যাবলীতে কোনরূপ ভুল পরিলক্ষিত হলে তজ্জন্য প্রতিষ্ঠান প্রধানকে এককভাবে দায়ী করা হবে।

যাচাই করা হ'ল/বিবরণী সঠিক আছে

গ্রহণকারীর স্বাক্ষর প্রশাসনিক কর্মকর্তার স্বাক্ষর সংশ্লিষ্ট কর্মকর্তার স্বাক্ষর

সীলসহ প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর
তারিখ : ...............................

**ফরম A**

অতীব গোপনীয়

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

## জেএসসি পরীক্ষা ২০১৮

**শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য (বিষয় কোড ১৪৭) বিষয়ের ব্যবহারিক পরীক্ষার বিভিন্ন অংশে প্রাপ্ত নম্বরের বিবরণ:**

**নিচের অংশ পরীক্ষার্থী নিজ হাতে পূরণ করবে :**

কেন্দ্রের নাম : ........................................................................................ কেন্দ্র কোড : ................

বিষয়ের নাম : ........................................................................................ বিষয় কোড : ................

রোল নম্বর : .................. রেজিস্ট্রেশন নম্বর : ................................................ শিক্ষাবর্ষ : ................

**পরীক্ষার্থীর পূর্ণ নাম ও তারিখ :**

---

**পরীক্ষক নিজ হাতে সতর্কতার সাথে পূরণ করবেন :**

(i) খেলাধুলায় অংশগ্রহণ =

(ii) খেলাধুলায় পারদর্শিতা =

প্রাপ্ত মোট নম্বর =

---

স্বাক্ষর ও তারিখ : ..............................
পরীক্ষকের নাম ও পদবী :

স্বাক্ষর ও তারিখ : ..............................
কেন্দ্র সচিবের নামসহ সীল
এবং
কেন্দ্রের নাম ও কোড নম্বর ..............................

স্বাক্ষর ও তারিখ : ..............................
প্রধান শিক্ষকের নাম :
বিদ্যালয়ের ঠিকানাসহ সীল
বিদ্যালয় EIIN :

১. *স্ব স্ব প্রতিষ্ঠান রাজশাহী শিক্ষা বোর্ডের ওয়েবসাইট থেকে ফরম ডাউনলোড করত: যথাযথভাবে পূরণ করে সংশ্লিষ্ট কেন্দ্র সচিবের নিকট জমা দিবে।*

২. *রোল নম্বর অনুযায়ী ফরম সিরিয়াল করে দিতে হবে।*

ফরম B

অতীব গোপনীয়

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

## জেএসসি পরীক্ষা ২০১৮

**চারু ও কারুকলা (বিষয় কোড ১৪৮) বিষয়ের ব্যবহারিক পরীক্ষার বিভিন্ন অংশে প্রাপ্ত নম্বরের বিবরণ :**

**নিচের অংশ পরীক্ষার্থী নিজ হাতে পূরণ করবে :**

কেন্দ্রের নাম : ........................................................................... কেন্দ্র কোড : ................

বিষয়ের নাম : ........................................................................... বিষয় কোড : ................

রোল নম্বর : ................. রেজিস্ট্রেশন নম্বর : ............................................. শিক্ষাবর্ষ : ................

**পরীক্ষার্থীর পূর্ণ নাম ও তারিখ :**

---

**পরীক্ষক নিজ হাতে সতর্কতার সাথে পূরণ করবেন :**

(i) অংকন অথবা নকশা তৈরি(৫০) =

প্রাপ্ত মোট নম্বর =

---

স্বাক্ষর ও তারিখ :
পরীক্ষকের নাম ও পদবী :

স্বাক্ষর ও তারিখ :
কেন্দ্র সচিবের নামসহ সীল
এবং
কেন্দ্রের নাম ও কোড নম্বর ...............................

স্বাক্ষর ও তারিখ :
প্রধান শিক্ষকের নাম :
বিদ্যালয়ের ঠিকানাসহ সীল
বিদ্যালয় EIIN :

১. *স্ব স্ব প্রতিষ্ঠান রাজশাহী শিক্ষা বোর্ডের ওয়েবসাইট থেকে ফরম ডাউনলোড করত: যথাযথভাবে পূরণ করে সংশ্লিষ্ট কেন্দ্র সচিবের নিকট জমা দিবে।*

২. *রোল নম্বর অনুযায়ী ফরম সিরিয়াল করে দিতে হবে।*

ফরম C

অতীব গোপনীয়

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

## জেএসসি পরীক্ষা ২০১৮

**কর্ম ও জীবনমুখী শিক্ষা (বিষয় কোড ১৫৫) বিষয়ের ব্যবহারিক পরীক্ষার বিভিন্ন অংশে প্রাপ্ত নম্বরের বিবরণ :**

**নিচের অংশ পরীক্ষার্থী নিজ হাতে পূরণ করবে :**

কেন্দ্রের নাম : ............................................................................... কেন্দ্র কোড : ................

বিষয়ের নাম : ............................................................................... বিষয় কোড : ................

রোল নম্বর : ................. রেজিস্ট্রেশন নম্বর : ............................................. শিক্ষাবর্ষ : ................

**পরীক্ষার্থীর পূর্ণ নাম ও তারিখ :**

---

**পরীক্ষক নিজ হাতে সতর্কতার সাথে পূরণ করবেন :**

(i) ব্যবহারিক কাজ(৫০) =

প্রাপ্ত মোট নম্বর =

---

স্বাক্ষর ও তারিখ :
পরীক্ষকের নাম ও পদবী :

স্বাক্ষর ও তারিখ :
কেন্দ্র সচিবের নামসহ সীল
এবং
কেন্দ্রের নাম ও কোড নম্বর ..........................

স্বাক্ষর ও তারিখ :
প্রধান শিক্ষকের নাম :
বিদ্যালয়ের ঠিকানাসহ সীল
বিদ্যালয় EIIN :

১. *স্ব স্ব প্রতিষ্ঠান রাজশাহী শিক্ষা বোর্ডের ওয়েবসাইট থেকে ফরম ডাউনলোড করত: যথাযথভাবে পূরণ করে সংশ্লিষ্ট কেন্দ্র সচিবের নিকট জমা দিবে।*

২. *রোল নম্বর অনুযায়ী ফরম সিরিয়াল করে দিতে হবে।*

ফরম D

অতীব গোপনীয়

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

## জেএসসি পরীক্ষা ২০১৮

**কৃষিশিক্ষা/গার্হস্থ্যবিজ্ঞান (বিষয় কোড ১৩৪/১৫১) বিষয়ের ব্যবহারিক পরীক্ষার বিভিন্ন অংশে প্রাপ্ত নম্বরের বিবরণ :**

**নিচের অংশ পরীক্ষার্থী নিজ হাতে পূরণ করবে :**

কেন্দ্রের নাম : ............................................................................... কেন্দ্র কোড : ................

বিষয়ের নাম : ............................................................................... বিষয় কোড : ................

রোল নম্বর : ................. রেজিস্ট্রেশন নম্বর : ............................................. শিক্ষাবর্ষ : ................

**পরীক্ষার্থীর পূর্ণ নাম ও তারিখ :**

---

**পরীক্ষক নিজ হাতে সতর্কতার সাথে পূরণ করবেন :**

**তত্ত্বীয় অংশ: ৬০**

(i) শ্রেণি অভিক্ষা(৪০) =

(ii) বাড়ির কাজ(২০) =

**ব্যবহারিক অংশ: ৪০**

(i) শ্রেণির কাজ(৪০) =

প্রাপ্ত মোট নম্বর =

---

স্বাক্ষর ও তারিখ : ....................
পরীক্ষকের নাম ও পদবী :

স্বাক্ষর ও তারিখ : ....................
কেন্দ্র সচিবের নামসহ সীল
এবং
কেন্দ্রের নাম ও কোড নম্বর ....................

স্বাক্ষর ও তারিখ : ....................
প্রধান শিক্ষকের নাম :
বিদ্যালয়ের ঠিকানাসহ সীল
বিদ্যালয় EIIN :

১. *স্ব স্ব প্রতিষ্ঠান রাজশাহী শিক্ষা বোর্ডের ওয়েবসাইট থেকে ফরম ডাউনলোড করত: যথাযথভাবে পূরণ করে সংশ্লিষ্ট কেন্দ্র সচিবের নিকট জমা দিবে।*

২. *রোল নম্বর অনুযায়ী ফরম সিরিয়াল করে দিতে হবে।*

ফরম E

অতীব গোপনীয়

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

## জেএসসি পরীক্ষা ২০১৮

**আরবি/সংস্কৃত/পালি (বিষয় কোড ১২১/১২৩/১২৪) বিষয়ের ব্যবহারিক পরীক্ষার বিভিন্ন অংশে প্রাপ্ত নম্বরের বিবরণ :**

**নিচের অংশ পরীক্ষার্থী নিজ হাতে পূরণ করবে :**

কেন্দ্রের নাম : ........................................................................................ কেন্দ্র কোড : .................

বিষয়ের নাম : ........................................................................................ বিষয় কোড : ................

রোল নম্বর : ................. রেজিস্ট্রেশন নম্বর : ............................................... শিক্ষাবর্ষ : ................

**পরীক্ষার্থীর পূর্ণ নাম ও তারিখ :**

---

**পরীক্ষক নিজ হাতে সতর্কতার সাথে পূরণ করবেন :**

(i) শ্রেণির কাজ(২০) =

(ii) বাড়ির কাজ(২০) =

(iii) শ্রেণি অভিক্ষা(৬০) =

প্রাপ্ত মোট নম্বর =

---

স্বাক্ষর ও তারিখ :
পরীক্ষকের নাম ও পদবী :

স্বাক্ষর ও তারিখ :
কেন্দ্র সচিবের নামসহ সীল
এবং
কেন্দ্রের নাম ও কোড নম্বর ....................

স্বাক্ষর ও তারিখ :
প্রধান শিক্ষকের নাম :
বিদ্যালয়ের ঠিকানাসহ সীল
বিদ্যালয় EIIN :

*১. স্ব স্ব প্রতিষ্ঠান রাজশাহী শিক্ষা বোর্ডের ওয়েবসাইট থেকে ফরম ডাউনলোড করত: যথাযথভাবে পূরণ করে সংশ্লিষ্ট কেন্দ্র সচিবের নিকট জমা দিবে।*

*২. রোল নম্বর অনুযায়ী ফরম সিরিয়াল করে দিতে হবে।*